

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৮৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উরানী গোত্রের লোকদেরকে চিকিৎসার জন্য উটের পেশাব পান করার অনুমতি দেননি- এই মর্মে হাদীস

ذِكْرُ خَبَرٍ يُصَرِّحُ بِأَنَّ إِبَاحَةَ الْمُصْطَفَى صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْعُرَنِيِّينَ فِي شُرْبِ أَبْوَالِ الْإِبِلِ لَمْ يَكُنْ لِلتَّدَاوِي

আরবী

1388 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا أبو خيثمة قال: حدثنا جرير عن الشَّيْبَانِيِّ عَنْ حَسَّانَ بْنِ مُخَارِقٍ قَالَ: قَالَتْ أُمُّ سَلَمَةَ: اشْتَكَتِ ابْنَةٌ لِي فَنَبَدْتُ لَهَا فِي كُوزٍ فَدَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو يَغْلِي فَقَالَ: (مَا هَذَا)؟ فَقَالَتْ: إِنَّ ابْنَتِي كُوزٍ فَدَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ لَمْ يجعل شفاءكم في حرام) اشْتَكَتْ فَنَبَذْنَا لَهَا هَذَا فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ لَمْ يجعل شفاءكم في حرام) الراوي : أُمُّ سَلَمَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1388 ا خلاصة حكم المحدث: حسن لغيره ـ

বাংলা

১৩৮৮. উন্মু সালামা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমার এক মেয়ে অসুস্থ হয়ে আমি তার জন্য একটি থলেতে শরবত তৈরি করি। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাড়িতে আসেন, এসময় সেই শরবত টগবগ করছিল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এটা কী?" জবাবে তিনি বলেন, "আমার মেয়ে অসুস্থ, তাই আমরা তার জন্য শরবত বানিয়েছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই মহান আল্লাহ কোন হারাম জিনিসে তোমাদের রোগের নিরাময় রাখেননি।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ই'য়ালা: ১/৩২৩; তাবারানী: ২৩/৭৪৯; সুনান বাইহাকী: ১০/৫; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ৫/৮৬; মুসায়াফ ইবনু আবী শায়বাহ: ৭/২৩; হাকিম: ৪/২১৮।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (গায়াতুল মারাম: ৩০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন